

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।			
১০৯৬		৩/৩/১৬	
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।			
ক্র.সং:	সং.সং:	কি.বি.প্র:	নি.প্র:
		৩	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
হিসাব শাখা-১



পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩০

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০১১.২১.২৮৭

২৭ এপ্রিল ২০২৩

বিষয়: গণপূর্ত অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন " চট্টগ্রাম শহরে পরিত্যক্ত বাড়িতে সরকারি আবাসিক ফ্ল্যাট ও ডরমিটরী ভবন নির্মাণ" শীর্ষক অনুমোদিত প্রকল্পের প্রকল্প কোড-২২৪০৩১১০০) অনুকূলে চলতি ২০২২-২০২৩ আর্থিক সালে ৩য় কিস্তির অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০২২-২০২৩ আর্থিক সালে খরচ করার জন্য ২য় কিস্তি বাবদ মোট= ১৪০৬.২৫ লক্ষ (চৌদ্দ কোটি ছয় লক্ষ পচিশ হাজার) টাকা নিম্নবর্ণিত বিভাজন মোতাবেক বরাদ্দ প্রদান করা হলোঃ

গণপূর্ত সার্কেল	গণপূর্ত বিভাগ	কিস্তির নাম	কোড ও খাত	অর্থ বরাদ্দ (লক্ষ টাকা)		
				রাজস্ব	মূলধন	মোট
গণপূর্ত রক্ষণাবেক্ষণ সার্কেল, ঢাকা	গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, চট্টগ্রাম	৩য়	৩২৫৫১০৪-স্ট্যাম্প ও সিল	--	--	--
			৩২২১১০৭-অনুলিপি ব্যয়	--	--	--
			৪১১১১০১- আবাসিক ভবন	--	১২১৮.৭৫	১২১৮.৭৫
গণপূর্ত ই/এম সার্কেল, চট্টগ্রাম	গণপূর্ত ই/এম বিভাগ-১, চট্টগ্রাম		৪১১২৩০৩-বিদ্যুৎ ও সরঞ্জাম	--	১৮৭.৫০	১৮৭.৫০
			সর্বমোট=	--	১৪০৬.২৫	১৪০৬.২৫

উক্ত খরচ নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, চট্টগ্রাম ও প্রকল্প পরিচালক এর স্মারক নং/১৮৬/১(১১) তারিখ-০১/০২/২০২৩খ্রিঃ এর দ্বারা মঞ্জুরীকৃত মোট= ১৪০৬.২৫ লক্ষ টাকা উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-২৯, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের হিসাবের কোড নং-৫-১৩২০৫-২২৪০৩১১০০-৪১১১১০১ ও ৪১১২৩০৩ খাতসমূহে ২০২২-২০২৩ আর্থিক সালের এডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে সংকুলান/বহন করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পর্যবেক্ষণ/ পালন পূর্বক খরচ করতঃ এ অধিদপ্তরকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবেঃ শর্তঃ ক) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে Public Procurement Act (PPA)-2006 এবং Public Procurement Rules (PPR)-2008 (সর্বশেষ সংশোধনীসহ) এবং প্রচলিত আর্থিক বিধি- বিধান ও অন্যান্য নিয়মাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

খ) বরাদ্দকৃত অর্থ অনুমোদিত ডিপির অংগভিত্তিক বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে।

গ) উপরোক্ত অর্থ শুধু বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বর্হিত)।

ঘ) অর্থ ব্যয়/ কাজের বিল পরিশোধের ক্ষেত্রে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।

ঙ) চলতি আর্থিক সালে বরাদ্দকৃত অর্থ খরচ করতে হবে এবং খরচের হিসাব এ দপ্তরে দাখিল করতে হবে।

চ) পৃষ্ঠাংকন পত্র প্রাপ্তি স্বাপেক্ষে বরাদ্দকৃত অর্থ খরচ করতে হবে।